দৈনিক ইনকিলাব

SEP. 15 1999

তারিখ ... SEP AUG 5 1999 1999 ...
পৃষ্ঠা 2 কলাম ৬ .....

14

# মতিঝিল মডেল হাই স্কুল ও কলেজে নয়া প্রিন্সিপালের যোগদানের উপর নিষেধাজ্ঞা

কোর্ট রিপোর্টার ঃ মতিঝিল মডেল হাই স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল পদে জনাব এ এস এম তালিবুর রহমান যাতে যোগদান করতে না পারেন, এ মর্মে গতকাল আদালত থেকে আগামী ১৯ সেপ্টেম্বর পর্যন্ত অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। উক্ত কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি জনাব সাবের হোসেন চৌধুরী এমপি গত ৯ সেপ্টেম্বর জনাব তালিবুর রহমানে প্রিন্সিপাল হিসেবে নিয়োগ দান করেন। উক্ত নিয়োগদানকে চ্যালেঞ্জ করে ম্যানেজিং কমিটির সদস্য জনাব মেসবাহ উদ্দিন আহমেদ বাদী হয়ে ঢাকায় ৪র্থ সহকারী জজ আদালতে একটি দেওয়ানী মামলা করেন।